

পবিত্র ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে নিম্নলিখিত নির্দেশনাসমূহ জুমুআর বয়ানে এবং ওয়াস্তিয়া নামাজের আগে-পরে নিয়মিত প্রচারের আহ্বান

পবিত্র ঈদুল আযহা ও কোরবানি মুসলিম উম্মাহর অন্যতম ধর্মীয় উৎসব ও গুরুত্বপূর্ণ ইবাদত। মহান আল্লাহ তা'আলা বলেন, 'তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে সালাত আদায় করো এবং কোরবানি করো' (সূরা কাওছার : ২)। কোরবানি তাকওয়া অর্জনের অন্যতম মাধ্যম। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, 'আল্লাহর নিকট পৌঁছায় না এদের গোশত ও রক্ত বরং পৌঁছায় তোমাদের তাকওয়া' (সূরা হাজ্জ : ৩৭) এবং মহান আল্লাহ আরও বলেন, 'আপনি বলুন আমার নামাজ, আমার কোরবানি এবং আমার জীবন ও মরণ বিশ্ব প্রতিপালক আল্লাহরই জন্য' (সূরা আনআম : ১৬২)।

কোরবানির পশু ক্রয়-বিক্রয়

- ❖ কোরবানির পশুর হাটে ক্রেতা-বিক্রেতা একমুখী হয়ে চলাচল করুন অর্থাৎ প্রবেশপথ ও বহির্গমন পথ পৃথক রাখুন।
- ❖ পশুর হাটে মুখে মাস্ক ও হাতে গ্লাভস ব্যবহার করুন। পশুর হাটে ক্রেতা-বিক্রেতার মধ্যে পারস্পরিক ৩ ফুট দূরত্ব বজায় রাখা নিশ্চিত করুন।
- ❖ বৃদ্ধ, শিশু-কিশোর ও অসুস্থরা পশুর হাটে আসবেন না।
- ❖ ভীড় এড়াতে পবিত্র ঈদুল আযহার ২/১দিন পূর্বে পশু ক্রয়ের পরিবর্তে সময় হাতে রেখে পশু ক্রয়ে উৎসাহিত করুন।

নির্দিষ্ট স্থানে পশু কোরবানি ও বর্জ্য অপসারণ

- ❖ সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের নির্ধারিত স্থানে পশু কোরবানি করুন এবং যত্রতত্র পশু জবাই করা হতে বিরত থাকুন।
- ❖ পশু জবাইয়ের পূর্বে গর্ত করে গর্তের মধ্যে পশুর রক্ত, গোবর ও বর্জ্য রেখে ভালোভাবে মাটি চাপা দিন।
- ❖ পশু কোরবানির স্থান পানি দিয়ে ভালোভাবে পরিষ্কার করে ফেলুন। প্রয়োজনে স্লিচিং পাউডার বা জীবাণুনাশক ছিটিয়ে দিন।
- ❖ সঠিক বয়সের পশু ক্রয় এবং হালাল পদ্ধতিতে জবাইয়ের জন্য প্রয়োজনে আলেমদের সাহায্য নিন।
- ❖ ভীড় এড়াতে পবিত্র ঈদুল আযহার দিন ছাড়াও পরবর্তী দুই দিন কোরবানি করতে পারেন।

কোরবানির পশুর কাঁচা চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণ

- ❖ কোরবানির পশুর চামড়া গরীব-মিসকিন ও ইয়াতিমের হক। এই হকের জিম্মাদারী ন্যস্ত হয়েছে কোরবানি দাতার ওপর। সুতরাং কোরবানির পশুর চামড়া যথাযথভাবে সংরক্ষণ করাও কোরবানি দাতার কর্তব্য।
- ❖ অত্যন্ত দক্ষতা ও সতর্কতার সাথে পশুর দেহ থেকে চামড়া বিছিন্ন করতে হবে যেন গভীরভাবে/আংশিকভাবে চামড়া কেটে না যায়।
- ❖ চামড়া বিছিন্নকরণের ৫/৬ ঘণ্টার মধ্যে তাতে লবণ প্রয়োগ করতে হবে যাতে চামড়ার পচন প্রক্রিয়া শুরু না হয়। এ বিষয়ে সতর্ক ও সজাগ থাকার জন্য ধর্মপ্রাণ মুসলমানদের আহ্বান জানানো হলো।



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়